

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৪. ৬. যুদ্ধ ও হত্যায় অনাগ্ৰহী ধাৰ্মিক অভিশপ্ত

বাইবেলের চেতনায় যুদ্ধ ও হত্যা ঈশ্বরের প্রধান কর্ম। তরবারিকে রক্তান্ত করা ঈশ্বরের প্রিয় কর্ম। যে ব্যক্তি তরবারি দ্বারা হত্যা ও রক্তপাতে নিরুৎসাহী সে অভিশপ্ত। "শাপগ্রস্ত হউক সেই ব্যক্তি, যে শিথিলভাবে সদাপ্রভুর কাজ করে; শাপগ্রস্ত হউক সেই ব্যক্তি, যে আপন খড়াকে রক্তপাত করিতে বারণ করে।" মো.-০৬: "আমার কাজে যে লোক ঢিলেমি করে তার উপর বদদোয়া পড়ক। যে তার তলোয়ারকে রক্তপাত করতে দেয় না তার উপর বদদোয়া পড়ক।" (যিরমিয়/ ইয়ারমিয়া ৪৮/১০)

পরবর্তীতে আমরা এ বিষয়ে আরো নির্দেশনা দেখব। আমরা দেখব, যদি ঈশ্বরের প্রজারা দেশ দখল ও গণহত্যায় ক্রিটি করেন বা মানবতা প্রদর্শন করেন তবে শত্রুদেরর জন্য নির্ধারিত শাস্তি প্রজারাই পাবেন: "তখন আমি তোমাদের প্রতি তা-ই করব যা আমি তাদের প্রতি করব বলে ঠিক করে রেখেছিলাম।" (শুমারী ৩৩/৫৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14551

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন